# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৫৫টি প্রতিষ্ঠানকে ২.৪৮ লক্ষ টাকা জরিমানা

**৫ জানুয়ারি ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৬ জন কর্মকর্তার নেতৃত্বে চট্টগ্রাম, পটুয়াখালী, কুড়িগ্রাম, নাটোর, ঝালকাঠি, নওগাঁ, সাতক্ষীরা, চাঁদপুর, কিশোরগঞ্জ, চুয়াডাঙ্গা, সিরাজগঞ্জ, নোয়াখালী, বরিশাল ও খুলনায় আজ বাজার তদারকি করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাশের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের কোতয়ালী থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর দুমকি উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৫,১০০/- (পাঁচ হাজার একশত)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের রাজারহাট উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে নাটোরের লালপুর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৬২,০০০/- (বাষট্টি হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর সাপাহার উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের মতলব দক্ষিণ এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের তারাইল উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে চুয়াডাঙ্গা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌলার নেতৃত্বে সিরাজগঞ্জের রায়গঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে অভি হাইওয়ে ভিলাকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের চকবাজার থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের চকবাজার এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নোয়াখালী সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২৮,০০০/- (আটাশ হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের কোতয়ালী থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার রূপসা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **২,৩০,১০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার একশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ওজনে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে Darazz BD Limited কে **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,০০০/- (দুই হাজার)** টাকা প্রদান করা হয়।

হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে হাইওয়ে ইন লিমিটেডকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৬টি** বাজার তদারকি ও **৩টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৫৫টি** প্রতিষ্ঠানকে মোট **২,৪৮,১০০/- (দুই লক্ষ আটচল্লিশ হাজার একশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৩ জন** অভিযোগকারীকে মং **৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার পরিদর্শক, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, বাজার কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও রংপুর মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, চট্টগ্রাম, পটুয়াখালী, কুড়িগ্রাম, নাটোর, ঝালকাঠি, নওগাঁ, সাতক্ষীরা, চাঁদপুর, কিশোরগঞ্জ, চুয়াডাঙ্গা, সিরাজগঞ্জ, নোয়াখালী, বরিশাল ও খুলনা।
৭। পুলিশ সুপার, চট্টগ্রাম, পটুয়াখালী, কুড়িগ্রাম, নাটোর, ঝালকাঠি, নওগাঁ, সাতক্ষীরা, চাঁদপুর, কিশোরগঞ্জ, চুয়াডাঙ্গা, সিরাজগঞ্জ, নোয়াখালী, বরিশাল ও খুলনা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।